

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১২৯.১৮.০২৩.১৬.৭১৫


তারিখ : ১৭ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ
০১ আগস্ট ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয় : স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৭তম শাহাদতবার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০২২' পালন সংক্রান্ত।

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগ এর স্মারক নং-০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.২২.৫১৯, তারিখঃ ৩০.০৬.২০২২ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৭তম শাহাদতবার্ষিকী উপলক্ষ্যে সারাদেশের অধস্তন আদালতসমূহে এবং সারাদেশের জেলা রেজিস্ট্রার ও সাব-রেজিস্ট্রার অফিসসমূহে 'জাতীয় শোক দিবস ২০২২' এর নিম্নবর্ণিত কর্মসূচিসমূহ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো-

১. ০১-৩১ আগস্ট, ২০২২ পর্যন্ত মাসব্যাপী কালো ব্যাজ পরিধান;
২. জাতীয় শোক দিবসে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা;
৩. জাতীয় শোক দিবসের আলোচনা সভা আয়োজন এবং ১৯৭৫ সালের ১৫ আগস্ট নৃশংসভাবে নিহত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিবসহ বঙ্গবন্ধু পরিবারের নিহত সদস্যদের মাগফেরাত কামনা করে দোয়া মাহফিল আয়োজন;
৪. প্রতিটি জেলায় একটি এতিমখানায় অসহায় ও দুস্থ শিশুদেরকে খাবার পরিবেশন।



(তেয়বুল হাসান)

সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)

Email : section5@lawjusticediv.gov.bd

ফোন-২২৩৩৫৭৪২০

সদয় কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. জেলা ও দায়রা জজ ... (সকল) [সকল পর্যায়ের বিচারকগণকে অবহিতকরণের অনুরোধসহ]।
২. মহানগর দায়রা জজ ... (সকল) [সকল পর্যায়ের বিচারকগণকে অবহিতকরণের অনুরোধসহ]।
৩. মহাপরিদর্শক (নিবন্ধন), নিবন্ধন অধিদপ্তর, ঢাকা [সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধসহ]।

সদয় জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট / চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট ... (সকল)।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪. মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৬. জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৭. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. অফিস কপি।